

'প্লেনরিচ ইন্টারন্যাশনাল স্কুল' চালু করল এসটিএস গ্রুপ

অনলাইন ডেক্স

৭ এপ্রিল ২০২৩ ১২:০৯ পিএম |
 আপডেট: ৭ এপ্রিল ২০২৩ ১২:০৯
 পিএম

1
Shares



'প্লেনরিচ ইন্টারন্যাশনাল স্কুল'র উদ্বোধনী অনুষ্ঠানে অতিথিরা

advertisement

'স্কুল অব লাইফ' ধারণাকে উৎসাহিত করতে এবং ভবিষ্যতের জন্য শিক্ষার্থীদের প্রস্তুত করে তুলতে দেশে 'প্লেনরিচ ইন্টারন্যাশনাল স্কুল' (জিআইএস) চালু করেছে এসটিএস গ্রুপ। গতকাল বৃহস্পতিবার ক্যাম্পাস উদ্বোধনের মাধ্যমে নিজেদের নতুন প্রিমিয়াম কেম্ব্ৰিজ কাৰিকুলামের এ স্কুল উন্মোচন করে এসটিএস গ্রুপ।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। গেষ্ট অব অনার হিসেবে উপস্থিতি ছিলেন বাণিজ্যমন্ত্রী তিপু মুনশি এবং বিশেষ অতিথি ছিলেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। অনুষ্ঠানে আরও উপস্থিতি ছিলেন বাংলাদেশে নিযুক্ত ভারপ্রাপ্ত ব্ৰিটিশ হাই কমিশনার ম্যাট ক্যানেল, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মো. মশিউর রহমান, যুক্তরাষ্ট্রের ইন্টারন্যাশনাল স্কুল সার্ভিসেসের (আইএসএস) পরিচালক স্টিভ পলিসনকি এবং এসটিএস গ্রুপের চেয়ারম্যান বব কুন্দানমাল।

advertisement

আরও পড়ুন: এভারকেয়ার নেটওয়ার্কে যুক্ত হলো এসটিএস হোল্ডিং লিমিটেড

আরও উপস্থিতি ছিলেন এসটিএস গ্রুপের প্রধান নির্বাহী মানস সিং এবং গ্লেনরিচ ইন্টারন্যাশনাল স্কুলের অধ্যক্ষ রমেশ মুগডাল। অনুষ্ঠানে অন্য বিশিষ্ট ব্যক্তিরা ও এসটিএস গ্রুপের সদস্যরা উপস্থিতি ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানের পর অতিথিরা জিআইএস'র অত্যাধুনিক ক্যাম্পাস ঘুরে দেখেন।

advertisement

উল্লেখ্য, 'স্কুল অব লাইফ' ধারণা নিয়ে কাজ করবে গ্লেনরিচ স্কুল, যেখানে শিক্ষার্থীরা শিক্ষামূলক বিষয়গুলো সম্পর্কে শিক্ষালাভ করবে এবং স্বাচ্ছন্দ্যদায়ক ও উপযুক্ত পরিবেশে স্তুতিশীল বিকাশে পড়াশোনা করবে। শিক্ষার্থীদের পাঠ্যক্রমে আলিয়ঁস ফ্রেন্সেজের সহযোগিতায় ফ্রেঞ্চ ভাষার কোর্স থাকবে এবং স্টেমরোৱো রোবোটিকস শেখাবে। স্কুলের ম্যাথ ল্যাবের মাধ্যমে ম্যাথ বাড়ির সুবিধা দেওয়া হবে এবং অ্যাসোসিয়েটেড বোর্ড অব রয়্যাল স্কুলস অব মিউজিক সঙ্গীতের পাঠ দান করবে।